



ঢাকা বিশ্ববিদ্যালয়
বৃত্তি সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

২০২৫ সনের এইচ.এস.সি/ আলিম পরীক্ষার ফলাফলের উপর ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ে আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রাম ১ম বর্ষে অধ্যয়নরত বোর্ড বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের অনলাইনে আবেদনের জন্য নিম্নোক্ত প্রয়োজনীয় ডকুমেন্ট জরুরী ভিত্তিতে সংগ্রহ করে শিক্ষার্থীর নিকট সংরক্ষণ করার জন্য নির্দেশ দেওয়া হলো। পরবর্তীতে আরেকটি বিজ্ঞপ্তির মাধ্যমে বৃত্তির টাকা প্রাপ্তির জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের বৃত্তির ওয়েবসাইটে অনলাইন আবেদনের লিংক, আবেদনের পদ্ধতি ও সময়সীমা উল্লেখ করে দেয়া হবে।

- ১। শিক্ষার্থীর নিজস্ব বিভাগীয় ই-মেইল আইডি সংগ্রহ করতে হবে। (বিভাগ কর্তৃক সরবরাহকৃত)
- ২। শিক্ষার্থীর নিজ নামে ব্যাংক একাউন্ট করতে হবে (বোর্ড থেকে প্রকাশিত গেজেট পাতার নামের সাথে মিল রেখে)। একাউন্ট অবশ্যই তফসিলভুক্ত অনলাইন সেবায়ুক্ত ১৩ থেকে ১৭ ডিজিটের হতে হবে।
- ৩। চেক পাতার ছবি/ Bank Statement copy অনলাইনে বৃত্তির আবেদনের সময় আপলোড করতে হবে তাই শিক্ষার্থীকে ব্যাংক কর্তৃক সরবরাহকৃত (MICR) চেকবই/ ব্যাংক স্টেটমেন্ট সংগ্রহ করতে হবে।
- ৪। শিক্ষার্থীর স্ব স্ব কলেজ থেকে প্রাপ্ত বৃত্তির প্রত্যয়নপত্র সংগ্রহ করতে হবে।
- ৫। শিক্ষার্থীর স্ব স্ব বোর্ড থেকে প্রকাশিত বোর্ড বৃত্তির গেজেটের কপি সংগ্রহ করতে হবে। (যে পাতায় শিক্ষার্থীর নাম আছে)
- ৬। শিক্ষার্থীর এইচ.এস.সি/ আলিম পরীক্ষার Academic Transcript এর কপি সংগ্রহ করতে হবে।

উল্লেখ্য, অনলাইনে আবেদনের জন্য বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের উল্লেখিত ডকুমেন্টের সফট কপি নিজের কাছে সংরক্ষণ করার জন্য বিশেষভাবে নির্দেশ দেয়া হলো।

স্মারক নং/রেজিঃ/শিক্ষা-৫/২০৭(খ)/ ২৬৭ - ডি

তারিখঃ ২৭/৬/১৪৩৩
০১/৭/২০২৬